



# নির্বাচন কমিশন সচিবালয়

## শেরে বাংলা নগর, ঢাকা

তথ্য প্রযুক্তি মনস্ক হউন

নির্বাচন কমিশনকে সহায়তা করুন

### ছবিযুক্ত ভোটার তালিকার জন্য কম্পিউটার অপারেটর হিসাবে তালিকাভুক্তি ।

সারাদেশে শীঘ্রই ছবিযুক্ত ভোটার তালিকা এবং জাতীয় পরিচয় পত্র প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু হবে। এ প্রকল্প বাস্তবায়নের জন্য মাঠপর্যায়ে সারা দেশে প্রায় ১৫০০০ কম্পিউটার অপারেটর নিয়োগ দেয়া হবে। প্রয়োজনীয় দক্ষতা সম্পন্ন ব্যক্তিবর্গকে আগামী জুলাই ২০০৭ মাসের মধ্যে সংশ্লিষ্ট জেলা/উপজেলা নির্বাচন অফিসারের নিকট নাম অন্তর্ভুক্ত করার জন্য আহ্বান জানানো হচ্ছে।

কম্পিউটার অপারেটর নিয়োগের জন্য প্রয়োজনীয় দক্ষতাসম্পন্ন ব্যক্তিদের মধ্য হতে যখন যে উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ডে তথ্য সংগ্রহ করা হবে সেই সময়ের জন্য সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে বসবাসরতদের প্রাধান্য দেয়া হবে। উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ডে পর্যাপ্ত অপারেটর না পাওয়া গেলে সংশ্লিষ্ট জেলা থেকে অপারেটর নিয়োগ করা হবে। দক্ষ প্রার্থী পাওয়া সাপেক্ষে অর্ধেক মহিলা নিয়োগ দেয়া হবে।

অপারেটরদের সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে এবং খন্ডকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে। সূত্রাং কলেজ/বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী (এইচ এস সি পরীক্ষা পাশ বা এইচ এস সি পরীক্ষা দিয়েছেন এমন ছাত্র-ছাত্রী সহ) কিংবা অন্য কোন পেশায় নিয়োজিত ব্যক্তিবর্গও তাঁর নিয়মিত কর্মের অতিরিক্ত সময়ে এই কাজে অংশগ্রহণের মাধ্যমে নির্বাচন কমিশনের এই যুগান্তকারী উদ্যোগে সামিল হতে পারেন। যারা এ উদ্যোগের অংশীদার হতে চান কিন্তু কম্পিউটার চালানায় প্রয়োজনীয় দক্ষতা নেই, তারাও আগামী ১/২ মাসের মধ্যে প্রশিক্ষণ নিয়ে নিজেকে একাজের জন্য যোগ্য করে তুলতে পারেন।

প্রয়োজনীয় দক্ষতাসম্পন্ন ব্যক্তিবর্গ যে এলাকা ও সময়ের জন্য ল্যাপটপের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজে অংশগ্রহণ করতে ইচ্ছুক তাঁদের সে অনুযায়ী সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসারের নিকট নাম অন্তর্ভুক্ত করতে হবে। অপারেটর নির্বাচন প্রক্রিয়ার প্রথমে তালিকাভুক্ত ব্যক্তিদের দক্ষতা যাচাইপূর্বক প্রাথমিকভাবে তালিকাভুক্ত করা হবে এবং স্বল্পকালীন ব্যবহারিক প্রশিক্ষণ শেষে প্রদর্শিত দক্ষতার ভিত্তিতে শূন্য পদে সাময়িক/খন্ডকালীন নিয়োগ দেয়া হবে। চূড়ান্ত নিয়োগের পূর্বে চারিত্রিক ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে স্থানীয় প্রশাসন ও প্রতিনিধিগণের মাধ্যমে যাচাই করা হবে।

নিয়োগকৃত অপারেটরগণকে বাংলা টাইপিং এ পারদর্শী হতে হবে এবং কিংগার প্রিন্ট স্ক্যানার এর মাধ্যমে হাতের আঙুলের ছাপ, স্বাক্ষর এবং ওয়েব ক্যামেরা দিয়ে ছবি তুলে ল্যাপটপে সংরক্ষণের কাজ করতে হবে। অপারেটরগণ ল্যাপটপে নিবন্ধন ফরম পূরণ করবেন। বেশীর ভাগ তথ্য ক্লিক অপশন দ্বারা পূরণ করা যাবে। প্রতিটি নির্ভুল নিবন্ধন ফরম পূরণের জন্য ৫/- (পাঁচ) টাকা হারে সম্মানী প্রদান করা হবে। নিবন্ধন ফরমটি এন্ট্রি করতে আনুমানিক ৮/১০ মিনিট সময় দরকার হবে বলে ধারণা করা হচ্ছে। ফলে একজন দক্ষ অপারেটর দৈনিক গড়ে ৬০/৮০ টি নিবন্ধন ফরম পূরণে সক্ষম হবেন।

ছবিসহ ভোটার তালিকা ও জাতীয় পরিচয় পত্র প্রকল্পের কর্ম পরিকল্পনা অনুযায়ী কোন একটি উপজেলা/পৌরসভা/ইউনিয়ন/ওয়ার্ডের জনসংখ্যা ও বিস্তৃতির ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক ল্যাপটপসহ টিম নিয়োগ দেয়া হবে যাতে করে সংশ্লিষ্ট উপজেলা/থানার তথ্য সংগ্রহ ১/২ মাসে এবং ইউনিয়ন/ওয়ার্ডের তথ্য সংগ্রহ ৭ থেকে ১০ দিনের মধ্যে সম্পন্ন করা সম্ভব হয়। এভাবে একটি উপজেলা/থানা/ইউনিয়ন/ওয়ার্ডের কাজ সম্পন্ন হওয়ার পর অন্য উপজেলা/থানা/ইউনিয়ন/ওয়ার্ডের তথ্য সংগ্রহের কাজ শুরু করা হবে।

কৃতকার্য অপারেটর যারা সফলতার সাথে তাদের উপর অর্পিত দায়িত্ব পালনে সক্ষম হবেন, নির্বাচন কমিশন তাদের এতদসংক্রান্ত কৃতকার্যতার স্বীকৃতিস্বরূপ সার্টিফিকেট প্রদান করবে।

এস এম আসাদুজ্জামান

জনসংযোগ কর্মকর্তা (সিসি)

নির্বাচন কমিশন সচিবালয়